**২০২৫-২৬ অর্থবছরে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রম ও অর্জন নিম্নরূপ:**

- সংস্থাপন শাখার উদ্যোগে ২০২৫-২৬ অর্থবছরে মোট **১৪টি প্রশিক্ষণ** পরিচালিত হয়েছে, যার মধ্যে **১০টি নতুন প্রশিক্ষণ** অন্তর্ভুক্ত। এছাড়া উক্ত অর্থবছরে **স্থায়ী ৩০টি** এবং **চুক্তিভিত্তিক ৭টি পদে** নিয়োগ প্রদান করা হয়েছে। একই সময়ে **০৬ জন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি** প্রদান করা হয়েছে।
- আইন শাখার মাধ্যমে বিচারাধীন **১৩৬টি মামলার মধ্যে ৩৪টি মামলা নিষ্পত্তি** করা হয়েছে, যা মোট
- মামলার প্রায় **২৫%**।
- সিএমএস ও এসএন্ডডি শাখার উদ্যোগে **প্রথমবারের মতো e-GP পদ্ধতিতে POS মেশিন ক্রয়, ০৬টি নতুন গুদাম গ্রহণ** এবং সক্রিয় (Activated) কার্ডের সংখ্যা **৫৫ লক্ষ থেকে বৃদ্ধি পেয়ে ৭২.৪০ লক্ষে** উন্নীত হয়েছে।
- বাণিজ্যিক শাখার উদ্যোগে **টয়লেট সাবান (বিউটি সোপ), লন্ড্রি সোপ, ডিটারজেন্ট পাউডার এবং আয়োডিনযুক্ত লবণ** টিসিবির পণ্য তালিকায় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- অর্থ ও হিসাব শাখার কার্যক্রমের ফলে **অডিট আপত্তি নিষ্পত্তির হার ২৪% থেকে বৃদ্ধি পেয়ে ৩০%-এ** উন্নীত হয়েছে। এছাড়া **FDR-এর পরিমাণ বৃদ্ধি, LTR দায় উল্লেখযোগ্যভাবে হ্রাস, সরকারের ভর্তুকির পরিমাণ প্রায় ২০২.৩৫ কোটি টাকা কমেছে** এবং **পণ্যের গড় ক্রয়মূল্য ১৪২.২৬ টাকা থেকে কমে ১৩৫.৮৬ টাকায়** নেমে এসেছে।
- প্রকৌশল শাখার মাধ্যমে ঢাকা, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, মৌলভীবাজার ও রংপুরে **অফিস, গুদাম, অবকাঠামো উন্নয়ন, আধুনিকায়ন, লিফট স্থাপন, সড়ক ও বাউন্ডারি ওয়াল নির্মাণসহ একাধিক উন্নয়ন প্রকল্প** বাস্তবায়ন ও বাস্তবায়নাধীন রয়েছে, যা টিসিবির সংরক্ষণ ও পরিচালন সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।
- সার্বিকভাবে ২০২৫-২৬ অর্থবছরে **নিয়োগ বৃদ্ধি, প্রশিক্ষণ সম্প্রসারণ, মামলা ও অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি, ভর্তুকি ও ক্রয়মূল্য হ্রাস, FDR বৃদ্ধি, নতুন পণ্য সংযোজন এবং অবকাঠামো উন্নয়ন কার্যক্রমে উল্লেখযোগ্য সাফল্য** অর্জিত হয়েছে।